গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৬ (পার্ট-২)- ৫৪৭ তারিখঃ ২১/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে অধিদপ্তর কর্তৃক প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০৩.১৬ (অংশ-১)-৪১১, তারিখ ঃ ০৭/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী স্ব-স্ব প্রতিষ্ঠান কার্যক্রম গ্রহণ করে তা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন techedu09@gmail.com ও dtead1@gmail.com ই-মেইলে সফ্ট কপি ও হার্ডকপি অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ কর্মপরিকল্পনা ০২(দুই) পাতা।

২২/৮/২০১৬

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (প্রশাসন)
রুটিন দায়িত্ব

নং-৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৬ (পার্ট-২)- ৫৪৭ (১১) তারিখঃ ২১/০৮/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৪। অধ্যক্ষ ইঞ্জিনিয়ারিং কলেজ সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর।
৫। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৬। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার/বাংলাদেশ সার্ভে/গ্রাফিক আর্টস/বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট।
৭। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট।
৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।
৯। সংযুক্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১১। সংরক্ষণ কপি।

২২/৮/১৬

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

**বিষয় ঃ** কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

| ক্রমিক নং | কার্যক্রম | নির্ধারিত সময় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহে নিয়মিত ও বাধ্যতামূলকভাবে সাংস্কৃতিক কর্মকান্ড, খেলাধুলা, স্কাউটিং ও সময় ভিত্তিক বিভিন্ন ধরণের সৃজনশীল কর্মকান্ড ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন নিশ্চিতকরণ | বৎসরব্যাপী সিডিউল করে কার্যক্রম গ্রহণ | প্রতিষ্ঠান প্রধান | প্রতিষ্ঠান সমূহে বৎসরব্যাপী সিডিউল করে কার্যক্রম গ্রহন করে অধিদপ্তরকে অবহিত করতে হবে |
| ২. | কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ২ সপ্তাহের বেশী সময় যৌক্তিক কারণ ব্যতিত কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে তার তথ্যাদি নিয়মিত পরিবীক্ষণ | মাসিক পরিবীক্ষণ (পরবর্তী মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ) | অধ্যক্ষ কে প্রধান করে বিভাগীয় প্রধানগনের সমন্বয়ে গঠিত কমিটি | |
| ৩. | ক) শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অভিভাবক-শিক্ষক, ছাত্র-ছাত্রী সমন্বয়ে অভিভাবক সমাবেশ আয়োজন | প্রতি পর্বের শুরুতে | প্রতিষ্ঠান প্রধান | |
| | খ) নিয়মিত জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করাসহ দৈনন্দিন প্রাত্যহিক সমাবেশে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী কাউন্সিলিং করার উদ্যোগ গ্রহণ | প্রাত্যহিক | প্রতিষ্ঠান প্রধান | |
| ৪. | সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী নিয়মিত এডভোকেসি করার উদ্যোগ গ্রহণ | মাসিক পরিবীক্ষণ | জঙ্গিবাদ প্রতিরোধে গঠিত কমিটি | |
| ৫. | সন্ত্রাস-জঙ্গিবাদ, মাদকতা ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করনীয়, ছাত্র-ছাত্রীদের জন্য করনীয় ও বর্জনীয় এবং শিক্ষক-অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টানিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ | ৩০ সেপ্টেম্বর ২০১৬ | প্রতিষ্ঠান প্রধান ও জঙ্গিবাদ প্রতিরোধে গঠিত কমিটি | |
| ৬. | সন্ত্রাস ও জঙ্গিবাদকে আদর্শগতভাবে মোকাবেলার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানে প্রয়োজনীয় কর্ম কৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ | বর্ষপঞ্জিতে কার্যক্রমগুলো অন্তর্ভুক্ত করতে হবে | প্রতিষ্ঠান প্রধান | |
| ৭. | কারিগরি শিক্ষার কারিকুলামে যাতে মুক্তিযুদ্ধের চেতনা ও দেশাত্ববোধ সৃষ্টির উপকরণ থাকে এবং কোমলমতি শিক্ষার্থী কর্তৃক সন্ত্রাস-জঙ্গিবাদে উৎসাহিত হওয়ার কোন উপকরন না থাকে তা নিশ্চিত করতে হবে। শিক্ষার কারিকুলামে মানবিকতাবোধ সৃষ্টির উপাদান সংযুক্ত করাসহ শিক্ষার বিভিন্ন ধারাগুলোকে যতদুর সম্ভব একীভূত করার উদ্যোগ গ্রহণ | পর্বভিত্তিক সুপারিশ | কারিকুলাম পরিমার্জনের জন্য বিভাগের শিক্ষকগণের মতামতের ভিত্তিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা অধিদপ্তর | |

(স্বাক্ষর)
মোঃ আককাছ আলী সেখ
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

| ক্রমিক নং | কার্যক্রম | নির্ধারিত সময় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৮. | জঙ্গিবাদ প্রতিরোধে প্রতিটি প্রতিষ্ঠানে তিন থেকে পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন | পত্র প্রাপ্তির ০৩ কার্যদিবসের মধ্যে | প্রতিষ্ঠান প্রধান | |
| ৯. | স্থানীয় প্রশাসনের সাথে জঙ্গিবাদ প্রতিরোধে মতবিনিময় সভাকরণ এবং সভার সিদ্ধান্ত মোতাবেক নিজ প্রতিষ্ঠানে তা প্রতিপালন | স্থানীয় প্রশাসন কর্তৃক নির্ধারিত সময় | প্রতিষ্ঠান প্রধান | |
| ১০. | প্রতিষ্ঠানভিত্তিক শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের হালনাগাদ ডাটাবেজ প্রণয়ন এবং ওয়েবসাইটে সংরক্ষণকরণ | পত্র প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে | প্রতিষ্ঠান প্রধান/তার মনোনিত কর্মকর্তা | |
| ১১. | জঙ্গিবাদ সংশ্লিষ্ট তথ্যাদি (যদি থাকে) প্রতিটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশকরণ | তাৎক্ষণিকভাবে | সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ কমিটি | |
| ১২. | জঙ্গিবাদ প্রতিরোধে রোভার স্কাউটদের দায়িত্ব প্রদান | পত্র প্রাপ্তির ০৭ কর্মদিবসের মধ্যে | রোভার স্কাউট লিডার | |
| ১৩. | নতুন সেমিষ্টারে ওরিয়েনটেশন প্রোগ্রামে জঙ্গিবাদ বিরোধী অনুপ্রেরণামূলক বক্তব্য উপস্থাপন করা | নূতন সেসনে ক্লাস শুরুর দিন | প্রতিষ্ঠান প্রধান | |
| ১৪. | শিক্ষার্থীদের সুশিক্ষার প্রতি মনোযোগী করার লক্ষ্যে শ্রেণী শিক্ষকদের দায়িত্ব প্রদান | প্রতি সপ্তাহে ০১ দিন অনুশীলন | প্রতিটি শ্রেণী শিক্ষক | |
| ১৫. | উপজেলা ও জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের অংশ গ্রহণের জন্য বেশি বেশি করে উদ্বুদ্ধকরণ | উপজেলা ও জেলা পর্যায়ে গৃহীত সিডিউল অনুসরণে | সহশিক্ষা বিষয়ক শিক্ষক/দায়িত্বপ্রাপ্ত শিক্ষক | |
| ১৬. | ছাত্রাবাস ও ছাত্রীনিবাস সমূহের সুপার এবং সহকারী সুপারদের ছাত্রাবাস/ ছাত্রীনিবাস সমূহে তদারকি জোরদারকরণ | নিয়মিত | ছাত্রাবাস ও ছাত্রীনিবাস সমূহের সুপার এবং সহকারী সুপার | |
| ১৭. | হোস্টেল/মেস এর আবাসিক শিক্ষার্থীদের ছবিসহ বিস্তারিত ডাটাবেস তৈরি করে সংরক্ষণ করতে হবে এবং দর্শনার্থীর রেকর্ড সংরক্ষণকরণ | পত্র প্রাপ্তির ১০ কর্মদিবসের মধ্যে | ছাত্রাবাস ও ছাত্রীনিবাস সমূহের সুপার এবং সহকারী সুপার | |
| ১৮. | জঙ্গিবাদ বিরোধী হ্যান্ড বিল ও লিফলেট তৈরি করে প্রচার করতে হবে | ৩০ সেপ্টেম্বর ২০১৬ | সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ কমিটি | |
| ১৯. | মুক্তিযুদ্ধের চেতনা ও দেশপ্রেমের বিষয়ে শিক্ষার্থীদেরকে নির্দেশনামূলক বক্তব্যের মাধ্যমে উদ্বুদ্ধকরণ | প্রতি মাসে ০১ (এক) দিন | দায়িত্বপ্রাপ্ত শিক্ষক | |
| ২০. | প্রতিমাসের প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ | প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে | প্রতিষ্ঠান প্রধান | |

মোঃ আকবাছ আলী শেখ
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।